READ Manchester

# take 10 minutes to read every day and feel good

## প্রতিদিন দশ মিনিট পড়ুন এবং ভালো অনুভব করুন।

আপনার শিশুকে গল্প পড়ে শোনানোর জন্য সর্বোত্তম দশটি পরামর্শ

মাবাবা এবং কেয়ারারদের জন্য একটি নির্দেশিকা

In partnership with

MANCHESTER CITY COUNCIL

National Literacy Trust
Change your story

MAKING MANCHESTER FAIRER

Our Child Friendly Manchester

## পরামর্শ ১-

### আমাকে গল্প শোনান যে কোনো স্থানে, যে কোনো সময়।

বাসে, পার্কে অথবা যে কোনো স্থানে যখনই আমাদের হাতে দশ মিনিট সময় থাকবে তখনই একসাথে গল্প পড়া হচ্ছে আমাকে ব্যস্ত রাখার এবং নতুন শব্দ শেখানোর একটি দারুণ পদ্ধতি। ঘুমানোর সময় গল্প শোনালে আমি আরাম বোধ করি এবং আমার ভালো ঘুম হয়।



## পরামর্শ ২

### আমার আগ্রহের বিষয়গুলো খেয়াল করুন।

আমি কীসের দিকে আঙ্গুল নির্দেশ করি অথবা কী নিয়ে কথা বলতে পছন্দ করি তা খেয়াল করার মাধ্যমে আপনি আমার কীসে আগ্রহ তা জানতে পারবেন। আমি সবসময় সবগুলো পাতা দেখতে অথবা পাতাগুলো পর্যায়ক্রমে পড়তে চাই না, এবং এতে কোনো সমস্যা নেই! আপনি আমার ইচ্ছার দিকে খেয়াল রাখলে আমি বুঝি যে আপনি আমার কথা শুনছেন এবং এতে আমার আত্মবিশ্বাস বাড়ে।

## পরামর্শ ৩-

### চলুন ছবিগুলো নিয়ে কথা বলি।

বাচ্চাদের বইগুলো প্রায়ই চমৎকার সব ছবিতে ভর্তি থাকে। আপনাকে সবগুলো শব্দ পড়তে হবে না, আমরা যা দেখছি তা নিয়ে কথা বলতে পারি।

ছবিগুলো সম্পর্কেও কথা বলার মাধ্যমে আমাকে গল্পকার হতে দিন।

এতে আমার কথা বলার ক্ষমতা ও আত্মবিশ্বাস বাড়বে কারণ আমি জোরে কথা বলা অনুশীলণ করছি।

## পরামর্শ ৪

### আমরা যে ভাষা সবচেয়ে ভালো জানি সেই ভাষায় কথা বলুন।

আমরা বাসায় যে ভাষায় সবচেয়ে বেশি কথা বলি সেই ভাষায় ছবিগুলো এবং গল্পটি সম্পর্কে কথা বলুন।

আমার সাথে আপনার প্রথম ভাষায় কথা বললে আমার শেখা এবং বুদ্ধি বিকাশে সহায়তা হয়, যার ফলে পরবর্তীতে একটি দ্বিতীয় ভাষা শেখা আমার জন্য সহজতর হবে। দ্বিভাষী শিশুরা স্কুলে ভালো করে।

## পরামর্শ ৫

### আমাকে লাইব্রেরিতে ঘুরতে নিয়ে যান।

ম্যানচেস্টারের লাইব্রেরিসমূহে বিনামূল্যে যুক্ত হওয়া যায়! সেখানে আমরা ধার নেয়ার এবং এক সাথে পড়ার জন্য প্রচুর বই পাব।

সেখানে অনেক ফ্রি একটিভিটিজ অর্থাৎ কর্মকাণ্ড এবং ইভেন্ট রয়েছে যেগুলোতে আমি অংশ নিতে পারি, যেমন - সামার রিডিং চ্যালেঞ্জ।



## পরিবারসমূহের জন্য বাড়তি সহযোগিতা

এই লিফলেটটি এই ওয়েবসাইটে অন্যান্য ভাষায় পাওয়া যাবে:
**manclibraries.blog/transition-read**

ম্যানচেস্টারের পরিবারসমূহের জন্য বিভিন্ন সেবা, সুযোগ, পরামর্শ এবং নির্দেশনার জন্য  এই ওয়েবসাইট দেখুন-
**hsm.manchester.gov.uk**

আপনার  স্থানীয় লাইব্রেরিতে কী ঘটছে অনুসন্ধান করুন এবং আজই যোগ দিন:**manchester.gov.uk/libraries** (দেরিতে বই ফেরত দেয়ার জন্য কোনো ফাইন নেই, এমনকি প্রাপ্তবয়স্কদের জন্যও। )

দ্য ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট’স ওয়ার্ডস ফর লাইফ ওয়েবসাইটটিতে অনেক মজার ফ্রি পরামর্শ এবং একটিভিটিজ রয়েছে যা আপনার শিশুর ভাষাজ্ঞান বাড়াবে এবং তাকে স্কুলের জন্য প্রস্তুত করবে। এই ওয়েবসাইট দেখুন:**wordsforlife.org.uk**

